

Class – 3

Subject – 2<sup>nd</sup> Language Bengali

Chapter – গল্প – গেছো বাবা

গল্পের নাম – গেছো বাবা

লেখকের নাম – রবীন্দ্রনাথ ঠাকুর

লেখক- শব্দের অর্থ – যিনি গল্প লেখেন অর্থাৎ যিনি গল্পটি লিখেছেন।

গল্পের বিষয়বস্তু:-

গেছো শব্দের অর্থ – যে গাছে উঠতে ভালবাসে।

এই গল্পটিতে গেছোবাবা কোনো সাধারণ মানুষ নয়। তিনি একজন মহাপুরুষ। যিনি গাছে বাস করেন। এখানে তাঁকে শ্রদ্ধা এবং সন্মান জানাবার জন্য বাবা শব্দটি ব্যবহার করা হয়েছে। বাবা অর্থাৎ সাধুবাবা।

এই গল্পটিতে গেছো বাবা যখন যে গাছে বসেন, তখন সেই গাছ হয় কল্পতরু (কল্পতরু শব্দের অর্থ – কোনো মহাপুরুষের কাছে যদি কেউ কিছু চায় তাহলে সে সেটাই পায়)। গেছো বাবার কাছে কোনো কিছু শুধুমাত্র একবার-ই চাওয়া যায়।

গেছো বাবাকে একমাত্র চেনা যায় যখন তিনি গাছে বসে থাকেন, নীচে তাঁকে চেনবার কোনো উপায় নেই।

গল্পটিতে উধো, পঞ্চু, গোবরা তিনজন বন্ধু। এরা তিনজন খুঁজছে গেছো বাবাকে কারণ তাদের আশা তারা যদি গেছো বাবার দেখা পায় তাহলে তাঁর কাছে ভাল কিছু চাইবে আর তার ফলে তাদের অভাব মিটবে কারণ উধোর পরিচিত ধোকড় গাঁয়ের ভেকু সর্দার গেছো বাবার থেকে একটি গামছা পেয়ে বড়লোক হয়েছে এবং সে একটি বাড়িও বানিয়েছে।

তাই গোবরা গেছো বাবাকে মাসখানেক ধরে বনে বাদাড়ে এবং উধো গেছো বাবাকে হাটে, ঘাটে, সব জায়গায় খুঁজে বেড়াচ্ছে।

অবশেষে গোবরা দেখতে পেল একটি চালতা গাছে গেছো বাবার লেজ ঝুলছে, কিন্তু উধো বলল ওটা গেছো বাবার লেজ নয়, হনুমান- এর লেজ।

সেটা শুনে গোবরা বলল এটা কলিযুগ, আর এটা কলিযুগ বলেই গেছো বাবা আমাদের কপিরূপ (বানর রূপ, কপি মানে বানর) ধরে বোকা বানাচ্ছে।

এদিকে গেছো বাবা একটি উঁচু কয়েৎ বেল গাছের ডগায় উঠে বসে আছেন। কিন্তু তারা তিন বন্ধু কেউই গাছে উঠতে রাজি নয়। তখন তারা গাছের নীচে দাঁড়িয়ে অনুরোধ করল গেছো বাবাকে নীচে আসতে।

## Work Sheet

### Q.1. এক কথায় উত্তর দাও:-

I) গেছো বাবা গল্পটির লেখক- এর নাম কি?

Ans: -

II) গেছো বাবা গল্পে তিনজন বন্ধুর নাম লেখো?

Ans: -

III) গেছো শব্দের অর্থ কি?

Ans: -

IV) উধো কার কাছ থেকে গেছো বাবার সন্ধান পেয়েছিল?

Ans: -

V) ভেকু সর্দার কোন গাছের নীচ থেকে কি নিয়ে যাচ্ছিল?

Ans: -

VI) ভেকু সর্দার চিটেগুড় কি তৈরি করবে বলে নিয়ে যাচ্ছিল?

Ans: -

VII) বনে বাদাড়ে মাসখানেক কে গেছো বাবাকে খুঁজে ছিল?

Ans: -

VIII) উধো, পঞ্চু এবং গোবরা গেছো বাবাকে কোন রূপে দেখতে পেয়েছিল?

Ans: -

IX) উধো, পঞ্চু এবং গোবরা গেছো বাবাকে কোন গাছের ডগায় বসে থাকতে দেখে ছিল?

Ans: -

X) গেছো বাবা গল্পে কলিযুগ- এর কথা কে বলেছিল?

Ans: -

## Q.2. শূন্যস্থান পূরণ কর:-

I) বাবা যে গাছে চড়ে বসবে সেই গাছই হবে \_\_\_\_\_।

II) বাবা সেদিন \_\_\_\_\_ গাছে চ'ড়ে ব'সে \_\_\_\_\_ দোলাচ্ছিল।

III) ধোকড় গাঁয়ের \_\_\_\_\_ কাছ থেকে।

IV) মাথায় ছিল এক হাঁড়ি \_\_\_\_\_।

V) গাছ থেকে খসে পড়ল একখানা \_\_\_\_\_।

## Q.3. সাজিয়ে লেখো:-

I) গামছা, শুধু দোশালা, একখানা, নয়।

Ans: -

II) তো, দেখেনি, কেউ, তাকে।

Ans: -

III) থেকে, ধোকড়, সর্দারের, গাঁয়ের, কাছ, থেকে।

Ans: -

IV) পাববে, কালামুখ, ভোলাতে, ভুলছি নে বাবা, দেখিয়ে, না।

Ans: -

V) লোক, জানে, তাকে, বিশ্বসুদ্ধ।

Ans: -

#### **Q.4. পাঠমালা**

**Page No.58 Question No. (চ) শব্দ তৈরি করো:-**

**Page No.59 Question No. (ছ) শূন্যস্থান পূরণ করো:-**

**Page No.59 Question No. (জ) বন্ধনীর মধ্য থেকে সঠিক শব্দ বেছে নিয়ে বাক্যটি  
নীচে লেখো:**

\*\*\*\*\*